



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বিশ্ব প্রতিবন্ধী দিবস-২০১৭ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



‘সবার জন্য টেকসই ও সমৃদ্ধ সমাজ’ স্লোগানকে সামনে রেখে বিশ্ব প্রতিবন্ধী দিবস-২০১৭ উপলক্ষে আলোচনা সভা ৭ ডিসেম্বর-২০১৭, বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান-এর সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নূর মোহাম্মদ। প্রতিবন্ধী দিবস উদযাপন কমিটি-২০১৭-এর সদস্য-সচিব ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মোঃ নজরুল ইসলাম আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন। এছাড়াও মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা বক্তব্য প্রদান করেন।

এদিকে, বিশ্ব প্রতিবন্ধী দিবস-২০১৭ উপলক্ষে উপাচার্যের নেতৃত্বে একটি র্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন।